



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Leveraging ICT for Growth, Employment and Governance Project

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

বিসিসি ভবন, প্লট # ই-এক্স/১৪, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা- ১২০৭, ফোনঃ ৮১৮১৩৮১
ফ্যাক্সঃ ৮১৪৪০৪৬, ইমেইলঃ pd.lict@bcc.net.bd Site: http://www.lict.gov.bd

নং: ৫৬.১০৯.০৪৩.০০.০০.০০২.২০১৪- ৫৫২

তারিখঃ ২৬/১২/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ Leveraging ICT প্রকল্প ও Facebook এর সহায়তায় Boost Your Business প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে 'ভিশনঃ ২০২১' গ্রহণ করেছে; যার মাধ্যমে তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে এ খাতের দেশীয় শিল্পের প্রসার ও আন্তর্জাতিক বাজারে গ্রহণযোগ্য অবস্থান তৈরির পরিকল্পনা রয়েছে। এ লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে Leveraging ICT for Growth, Employment and Governance Project শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন করছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক শিল্পের প্রসার ও উন্নয়নের মাধ্যমে এ খাতে আরও কর্মসংস্থান সৃষ্টি, রপ্তানী বহুমুখীকরণ এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। প্রকল্পের আওতায় তথ্য প্রযুক্তি/ তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা অংশে দেশের আইটি/ আইটিইএস শিল্পের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে মোট ৩৪,০০০ জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণপ্রাপ্তরা দেশের আইটি/ আইটিইএস শিল্পে দক্ষ কর্মী হিসেবে যোগদানের প্রাশাপাশি অনেকেই নিজেদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে পারবে; যার মাধ্যমে এ খাতে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। সম্প্রতি Facebook এর সাথে উক্ত প্রকল্পের একটি MoU স্বাক্ষরিত হয়েছে যার আওতায় ১০,০০০ জন শিক্ষার্থীকে ৬ ঘণ্টাব্যাপী বিনামূল্যে ডিজিটাল ও সোশ্যাল মিডিয়া মার্কেটিং এর মাধ্যমে Boost Your Business শীর্ষক প্রশিক্ষণ প্রদান করা হবে। Facebook এর লোকাল ট্রেনিং পার্টনার MCC LTD উক্ত প্রশিক্ষণ প্রদান করবে।

উক্ত প্রশিক্ষণ কার্যক্রম আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বিনামূল্যে প্রদানের জন্য আপনার সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করছি। প্রশিক্ষণ সংক্রান্ত যেকোন তথ্যের জন্য যোগাযোগঃ মি. শরিফ বিন মোস্তফা বাব্বী (০১৭৩৩২১৯১১)।

উপস্থাপনা/অধ্যক্ষ
..... বিশ্ববিদ্যালয়/কলেজ।

(মোঃ রেজাউল করিম এনভিসি)
প্রকল্প পরিচালক ও যুগ-সচিব
লিডারেজিং আইসিটি প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

- অনুলিপিঃ
১. সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
 ২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা।
 ৩. রেজিস্টার, বিশ্ববিদ্যালয়।

১০২১
১০২১
১০২১